রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ৭, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ]**

## আদেশ

তারিখ, ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ১৪/মূসক/২০১৫—**নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, অতঃপর অধিদপ্তর হিসেবে অভিহিত, কর্তৃক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর আওতায় নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ কার্যক্রম ও কার্যপরিধি (Charter of Functions) নির্ধারণ করা হলো :

২। **নিরীক্ষা কার্যক্রম :**

(ক) অধিদপ্তর মূল্য সংযোজন কর ব্যবস্থায় বিদ্যমান আইন, বিধিমালা, মূল্য সংযোজন কর নিরীক্ষা (অডিট) ম্যানুয়াল, সাধারণ আদেশ ও সংশ্লিষ্ট অন্যান্য আদেশ-নির্দেশ ও জাতীয় রাজস্ব বোর্ড থেকে প্রাপ্ত রাজস্ব পরিসংখ্যানের আলোকে নিরীক্ষার জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান বাছাই করবে এবং নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন করবে।

(খ) অধিদপ্তর ত্রৈমাসিক নিরীক্ষা কর্মসূচী প্রণয়ন করবে। জুলাই, অক্টোবর, জানুয়ারি ও এপ্রিল মাসের ১৫ তারিখের মধ্যে ত্রৈমাসিক কর্মসূচী প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট কমিশনারেটসমূহকে অবহিত করবে যাতে অধিদপ্তরের নিরীক্ষা কর্মসূচীতে অন্তর্ভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কমিশনারেটের নিজস্ব নিরীক্ষা কর্মসূচীতে অন্তর্ভুক্ত না হয়। অধিদপ্তরের নিরীক্ষা কর্মসূচী প্রাপ্তির পর কমিশনারগণ স্ব স্ব কমিশনারেটের নিরীক্ষা


**মূল্য ঃ** টাকা ৪.০০

কর্মসূচী প্রণয়ন করবেন এবং একই মেয়াদের জন্য একই ব্যক্তি/প্রতিষ্ঠান যাতে মূসক কমিশনারেটের নিরীক্ষা কর্মসূচী এবং অধিদপ্তরের নিরীক্ষা কর্মসূচীর অন্তর্ভুক্ত না হয় সে লক্ষ্যে কমিশনারেট এবং অধিদপ্তর তাদের নিরীক্ষা কর্মসূচী পরস্পরকে লিখিতভাবে অবহিত করবে।

(গ) অধিদপ্তর মূল্য সংযোজন কর আইন ও তদধীনে প্রণীত বিধি, প্রজ্ঞাপন, সাধারণ আদেশ, সংশ্লিষ্ট অন্যান্য আদেশ-নির্দেশ ও মূল্য সংযোজন কর নিরীক্ষা (অডিট) ম্যানুয়াল এর বিধান ও নির্দেশনার আলোকে প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করবে।

(ঘ) গোপন সংবাদদাতা বা গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বা জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশে অধিদপ্তরের মহাপরিচালক যে কোন প্রতিষ্ঠান যে কোন সময় যে কোন মেয়াদের জন্য বিশেষ নিরীক্ষার আদেশ দিতে পারবেন এবং আইনানুগভাবে শুনানী গ্রহণান্তে কার্য সম্পাদনপূর্বক তদনুযায়ী সংশ্লিষ্ট কমিশনারেটকে অবহিত করবেন।

(ঙ) অধিদপ্তর মূল্য সংযোজন কর আইনের অধীনে প্রদত্ত প্রত্যর্পণ সম্পর্কিত কার্যক্রম নিরীক্ষা করবে।

(চ) অধিদপ্তর নিরীক্ষা সমাপনান্তে মূল্য সংযোজন কর আইন ও বিধি এবং নিরীক্ষা ম্যানুয়াল অনুযায়ী নিরীক্ষা প্রতিবেদন প্রয়োজনীয় আইনী কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট মূসক কমিশনারেট বরাবর প্রেরণ করবে।

(ছ) প্রেরিত নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট মূসক কর্তৃপক্ষ আইনানুগ কার্যক্রম গ্রহণ করবে। গৃহীত কার্যক্রম সম্পর্কে অধিদপ্তরকে অবহিত করবে এবং একটি ছকভিত্তিক **(পরিশিষ্ট-ক)** ত্রৈমাসিক প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবে।

৩। **গোয়েন্দা ও জরিপ কার্যক্রম :**

(ক) অধিদপ্তর মূসক নিবন্ধিত ও নিবন্ধযোগ্য, কুটিরশিল্প এবং টার্ণওভার তালিকাভুক্ত ও তালিকাভুক্তযোগ্য প্রতিষ্ঠানের অনিয়ম ও কর ফাঁকি এবং কর পরিহার সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য গোয়েন্দা কার্যক্রম পরিচালনা করবে। এছাড়া, মূসক ব্যবস্থার সার্বিক পরিপালন (compliance) নিশ্চিতের লক্ষ্যে অধিদপ্তর আইনানুগ কার্যক্রম গ্রহণ করবে।

(খ) অধিদপ্তর বিভিন্ন সূত্র থেকে কর ফাঁকি বা অনিয়ম সংক্রান্ত গোয়েন্দা তথ্য আহরণের পর তা প্রয়োজনীয় কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট কমিশনারেটকে অবহিত করবে।

(গ) অধিদপ্তর প্রতি মাসে গোয়েন্দা কার্যক্রমের একটি প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রেরণ করবে।

৪। **অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম :**

(ক) মূসক নিবন্ধিত এবং নিবন্ধযোগ্য, তালিকাভুক্ত অথবা তালিকাভুক্ত যোগ্য প্রতিষ্ঠানের অনিয়ম ও কর ফাঁকি উদঘাটনের নিমিত্তে অধিদপ্তর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতা বলে পরিদর্শন, নিরীক্ষা ও অনুসন্ধান পরিচালনা করবে। তদন্তে উদঘাটিত কর ফাঁকি ও অনিয়মের বিষয়ে কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কমিশনারেটে তা প্রেরণ করবে।

(খ) প্রেরিত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট মূসক কর্তৃপক্ষ আইনানুগ কার্যক্রম গ্রহণ করবে। গৃহীত কার্যক্রম সম্পর্কে অধিদপ্তরকে অবহিত করবে এবং পরিশিষ্ট-ক এর ছকে অন্তর্ভুক্ত করে এ সংক্রান্ত একটি প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবে।

৫। **অন্যান্য কার্যক্রম :**

(ক) কর ফাঁকির বিভিন্ন কৌশল ও পন্থার বিবরণী অধিদপ্তর বিশ্লেষণ ও পর্যালোচনা করবে এবং প্রতিকারমূলক পদক্ষেপের সুপারিশ সকল কমিশনারেট ও জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রেরণ করবে।

(খ) অধিদপ্তর নিরীক্ষা ও তদন্তে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় আইনী সংস্কারের প্রস্তাব জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে।

(গ) অধিদপ্তর কমিশনারেট থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিরীক্ষা ও তদন্ত কার্যক্রমের একটি সমন্বিত ছকভিত্তিক **(পরিশিষ্ট-খ)** ত্রৈমাসিক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রেরণ করবে।

(ঘ) অধিদপ্তর তাদের কার্যক্রমের অর্থবছরভিত্তিক একটি বার্ষিক প্রতিবেদন তৈরি করবে এবং তা জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রেরণ করবে।

৬। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ মোতাবেক এ অধিদপ্তরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অধিদপ্তর নিবন্ধিত ও নিবন্ধনযোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান, রাজস্ব বিষয়ে ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান, রাজস্বের দিক থেকে গুরুত্বপূর্ণ পণ্য ও সেবার মূসকযোগ্য মূল্যসহ ঝুঁকি ব্যবস্থাপনার লক্ষ্যে ব্যক্তি/প্রতিষ্ঠানের শ্রেণীবিন্যাসমূলক তথ্য সংশ্লিষ্ট বিষয়ে একটি হালনাগাদ তথ্য ভান্ডার সংরক্ষণ করবে এবং তথ্য ব্যবস্থাপনার মাধ্যমে অধিদপ্তরের কার্যক্রম সম্পাদন করবে।

৭। অধিদপ্তর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময় সময় নির্দেশিত মূসক সংক্রান্ত অন্য যে কোন নিরীক্ষা ও তদন্ত পরিচালনা করবে।

৮। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু ফয়সাল মোঃ শাহরিয়ার মোল্লা**
সদস্য (মূসকঃ নিরীক্ষা ও গোয়েন্দা)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd